

বাংলাদেশ চলচ্চিত্র উন্নয়ন কর্পোরেশন
তেজগাঁও, ঢাকা।

বিষয় : ইনোভেশন টিমের কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত বিষয়ে জানুয়ারি/২০১৭ মাসের মাসিক সভার কার্যবিবরণী।


সভাপতি : পরিচালক (কারিগরী ও প্রকৌশল), বিএফডিসি, ঢাকা।
তারিখ ও সময় : ০৪/০১/২০১৭, বিকাল ৩.০০ ঘটিকা
সভার স্থান : পরিচালক (কারিগরী ও প্রকৌশল), এর অফিস কক্ষ।
উপস্থিত কর্মকর্তাদের নামের তালিকা : পরিশিষ্ট “ক”

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভার শুরুতে ইনোভেশন টিমের কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সংক্রান্ত বিষয়ে সম্পাদনা প্রধান বলেন প্রতিটি শাখার কাজ কর্মের গতিশীলতা আনয়নের লক্ষ্যে একটি উদ্ধুদ্ধকরণ টিম গঠন করা যেতে পারে। উক্ত টিমে এফডিসি'র প্রত্যেক কর্মকর্তা/কর্মচারীদের থেকে নতুন নতুন আইডিয়া শেয়ার করবে। জাতীয় পর্যায়ে উন্নয়ন মেলায় অংশগ্রহণের জন্য এফডিসি'র গৃহিত পদক্ষেপ নিয়ে আলোচনা হয়। উক্ত আলোচনায় চলচ্চিত্র সম্পর্কিত ডিজিটাল যন্ত্রপাতি ও অন্যান্য কার্যক্রম তুলে ধরে একটি লিফলেট তৈরীর সিদ্ধান্ত হয়। তাছাড়া এফডিসি'র সামগ্রিক কর্মকাণ্ডের উপর ভিত্তি করে একটি ডকুমেন্টারী তৈরীর সিদ্ধান্ত হয়।

বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গ্রহণ করা হয় :

১। প্রত্যেক শাখার কাজের মান উন্নয়নে উদ্ধুদ্ধকরণ টিম তৈরী করা যেতে পারে।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


(মোহাম্মদ আজম)
পরিচালক (কারিগরী ও প্রকৌশল)